

প্রেস রিলিজ

ঢাকা, ৩ এপ্রিল ২০২০


বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ক্রমান্বয়ে বৃদ্ধির প্রবণতা লক্ষ্যণীয়। বাংলাদেশ সরকার এ দুর্যোগ মোকাবিলায় নানামুখি পদক্ষেপ গ্রহণ করেছে। দেশের দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদফতর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি ও সম্মানিত সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী'র নির্দেশনায় সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম এর নেতৃত্বে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তায় দুস্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তি, পথশিশু, কর্মহীন শ্রমিক পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে। এ লক্ষ্যে প্রতিদিন ঢাকা শহরের ৫০০ পরিবারকে ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেয়াজ, আধালিটার সয়াবিন তেল ও একটি সাবান প্রদান করা হচ্ছে। গত ২৮ মার্চ হতে এ কার্যক্রম চলছে। খুব শীঘ্রই এ কার্যক্রম জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়সমূহের মাধ্যমে দেশব্যাপী সম্প্রসারণ করা হবে।

আজ ৩ এপ্রিল ২০২০ সমাজসেবা অধিদফতরে সভাকক্ষে দেশের করোনা দুর্যোগ মোকাবিলায় চলমান খাদ্যসামগ্রী বিতরণ কার্যক্রমের কর্মকৌশল নির্ধারণ বিষয়ক ও করণীয় বিষয়ে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম। সমাজসেবা অধিদফতরের পরিচালকবৃন্দ ও বিভিন্ন সোপানের কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

খাদ্যসামগ্রী সহায়তা গ্রহণে অনেক অসহায় মানুষের ব্যক্তিসম্মান বিবেচনায় তালিকা প্রণয়ন করে ঘরে ঘরে খাদ্যসামগ্রী পৌঁছে দেয়া এবং এ কাজে স্থানীয় জনপ্রতিধিদের সাথে সমন্বয় করা হবে।

ঢাকা শহরের রাস্তায় রাত কাটানো বাস্তুহীন মানুষদের করোনা ঝুঁকিহ্রাস ও আবাসন সহায়তা প্রদানের লক্ষ্যে সরকারি আশ্রয় কেন্দ্রসমূহে তাদের জন্য নিরাপদ হবে। সে বিবেচনায় সমাজসেবা অধিদফতর, নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সহায়তায় রাস্তায় বসবাসরত গৃহহীনদের সরকারি আশ্রয় কেন্দ্রসমূহে স্থানান্তর করা হচ্ছে। ইতোমধ্যে গত ৩ এপ্রিল ১৯ জন গৃহহীন মানুষকে সরকারি আশ্রয় কেন্দ্র, মিরপুরে স্থানান্তর করা হয়েছে। এ কার্যক্রমও অব্যাহত থাকবে।



মোঃ সাজ্জাদুল ইসলাম

উপপরিচালক

বার্তা সম্পাদক/এসসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ
সমাজসেবা অধিদফতর

ই-মেইল: dd.pub@dss.gov.bd

rangasazzad@gmail.com

01711 9 86617